



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ আগস্ট ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনসিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে ২ দিনব্যাপী প্রশিক্ষণ ও ১ দিনব্যাপী ওয়ার্কশপ। ২০ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “ওবিই কারিকুলাম ডিজাইন ও রিভিউ” বিষয়ের উপর আয়োজিত এ কর্মশালার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান। তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে প্রশিক্ষণ ও ওয়ার্কশপ পরিচালনা করবেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সাবেক সদস্য অধ্যাপক ড. এস এম কবীর। তিনি দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৭ জন শিক্ষক অংশগ্রহণ করবেন। আগামী ২২ আগস্ট ২০২৩ তারিখ কর্মশালাটি শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩ খ্রিস্টাব্দ

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়